



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



বিজ্ঞপ্তি নং- ১৭৫/২০২১

তারিখ : ২৪ অগ্রহায়ণ ১৪২৮
০৯ ডিসেম্বর ২০২১

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে ২০১৯ সাল ভিত্তিক 'মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার' এর ১টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অনলাইন আবেদনের সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র জমা দান এবং মৌখিক পরীক্ষা গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এ ২০১৯ সাল ভিত্তিক 'মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার' এর ০১টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে ১৮/০৩/২০২১ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-৫০/২০২১ এর প্রেক্ষিতে বিগত ০৫/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নরূপ তারিখ ও সময়সূচি অনুযায়ী বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের প্রধান ভবনে অনুষ্ঠিত হবে :

Day No.	Date & Time	Total	Roll
01	23/12/2021 03:00 P.M.	10 জন	10005, 10017, 10047, 10051, 10057, 10064, 10068, 10073, 10081, 10127 = 10জন।

মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না; তবে, মৌখিক পরীক্ষার সময় ইতঃপূর্বে ইস্যুকৃত প্রবেশপত্র সংগে আনতে হবে। যাচিত দলিলাদির চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রার্থীগণকে আবশ্যিকভাবে মৌখিক পরীক্ষা শুরু ১ঘণ্টা পূর্বে রিপোর্ট করতে হবে। বিলম্বে রিপোর্ট করার কোন কারণ গ্রহণযোগ্য হবে না। প্রার্থীগণকে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং তাদের অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদির এক সেট ফটোকপি ক্রমানুসারে সাজিয়ে মৌখিক পরীক্ষার অব্যবহিত পূর্বে বিএসসিএস এর যাচাই প্রতিনিধির নিকট জমা দিতে হবে এবং এতদসংক্রান্ত মূলকপি প্রদর্শন করতে হবে :

ক্রমিক নং	বিএসসিএস এর চেকিং বোর্ডে যে সকল দলিলাদি/দলিলাদির সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে	যে সকল দলিলাদির মূলকপি প্রদর্শন করতে হবে
১.	মহাব্যবস্থাপক ও সদস্য-সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত স্বহস্তে লিখিত আবেদনপত্র;	-
২.	সদ্য তোলা ০৩ কপি রসিদ পাসপোর্ট সাইজ ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম ও রোল নম্বর লিখতে হবে);	-
৩.	লিখিত পরীক্ষার প্রবেশপত্র;	-
৪.	শিক্ষাগত যোগ্যতার সনদপত্র : এসএসসি/সমমান সনদ এইচএসসি/সমমান সনদ স্নাতক সনদ ও মার্কশীট স্নাতকোত্তর সনদ ও মার্কশীট ০১/০৪/২০২১ তারিখের পরের কর্মঅভিজ্ঞতা বিবেচনায় আনা হবে না। O Level/ 'A' Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রীপ্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদ (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);	- মূলকপি প্রদর্শন করতে হবে মূলকপি প্রদর্শন করতে হবে মূলকপি প্রদর্শন করতে হবে মূলকপি প্রদর্শন করতে হবে মূলকপি প্রদর্শন করতে হবে
৫.	অনলাইন আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার (বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার) সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক সাম্প্রতিক সময়ে প্রদত্ত জাতীয়তা সনদপত্র/নাগরিক সনদপত্র (কোনো অবস্থাতে অনলাইন আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরিবর্তনযোগ্য নয়)	মূলকপি প্রদর্শন করতে হবে
৬.	মুক্তিযোদ্ধা সম্পর্কিত প্রমাণক দলিলাদি (গেজেট, লাল মুক্তিবর্তা ইত্যাদি), প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের সনদপত্র	
৭.	প্রতিবন্ধি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রদত্ত এতদসংক্রান্ত সনদপত্র;	
৮.	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত প্রার্থীদেরকে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ সম্পর্কিত প্রমাণক দলিলাদির সনদপত্র।	

বিশেষ দৃষ্টব্য : ক) প্রকাশিত ফলাফল ও মৌখিক পরীক্ষার সময়সূচীতে কোনো সংশোধনের প্রয়োজন হলে তা সংশোধনের অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।

খ) প্রার্থী কর্তৃক দাখিলকৃত অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ তথ্য/দলিলাদির কারণে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে প্রার্থীর সাথে কোনো প্রকার যোগাযোগ ছাড়াই প্রার্থীতা বাতিল করার অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।

গ) মাস্ক পরিধানসহ অন্যান্য সরকারি সকল স্বাস্থ্যবিধি পরিপালন করতে হবে।

স্বাক্ষরিত/ =

(মোঃ আজিজুল হক)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি